গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির ২২তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **কে এম আলী আজম**<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৫ এপ্রিল, ২০২১ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু করেন । সভাপতির অনুমতিক্রমে জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার, পরিচালক, এনপিও জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন । অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ** | গত ১৩ জানুয়ারি ২০২১ খ্রি.তারিখে অনুষ্ঠিত ২১তম সভার কার্য-বিবরণীর সংশোধনীর বিষয়ে মতামত আহবান করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সকলে মত পোষণ করেন। | বিগত ২১তম সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়। | |
| ২ | **এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত** | সভায় জানানো হয় যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় হতে জিও জারী করা হয়েছে এবং এনপিও'র খসড়া নিয়োগ বিধিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ বিধি পরীক্ষণ সংক্রান্ত উপ-কমিটির বিবেচনার জন্য শীঘ্রই প্রেরণ করা হবে।<br>সভাপতি এনপিও অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য এনপিও পরিচালককে পরামর্শ প্রদান করেন । | এনপিও'র অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে । | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক এনপিও |
| ৩ | **এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত** | পরিচালক, এনপিও সভাকে অবহিত করেন যে, গত ০৯ ডিসেম্বর ২০২০ তারিখে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং এনপিও'র পরিচালক ডিএজি এর সাথে দেখা করে মামলাটি শুনানির ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। ফেইস টু ফেইস কোর্ট শুরু হলে গত মার্চ, ২০২১ এ মামলাটি Cause List এ অন্তর্ভুক্তির জন্য ডিএজি মহোদয় আশ্বাস প্রদান করলেও কোভিড-১৯ এর কারণে মামলাটির শুনানি হয়নি। এছাড়াও প্রকল্পটির মেয়াদ (০২) দুই বছর বৃদ্ধি করার প্রস্তাব পরিকল্পনা মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে। তিনি সভাকে আরো জানান যে, এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের জন্য মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের জনগুরুত্বপূর্ন ও স্পর্শকাতর মামলা সংক্রান্ত তথ্যের নির্ধারিত ছক পূরণ করে আইন শাখা, শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি মামলাটি অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের মাধ্যমে পুনরায় অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে টেলিফোনে যোগাযোগ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন এবং তিনি এনপিও পরিচালককে এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি অনলাইন বা ফেইস টু ফেইস কোর্ট শুরু হলে Cause List অন্তর্ভূক্ত করাসহ অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন । | এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (আইন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক এনপিও<br>(গ) রেজিস্ট্রার ডিপিডিটি<br>(ঘ) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | এনপিও কর্তৃক বাস্তবায়িত কারিগরি প্রকল্প ফলোআপ সংক্রান্ত | এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নের অংশ হিসেবে গত ২৪ ডিসেম্বর ২০২০ তারিখে নরসিংদী, ২১ জানুয়ারি, ২০২১ কিশোরগঞ্জ, ২৮ জানুয়ারি ২০২১ তারিখে জামালপুর, ২৩ ফেব্রুয়ারি, ২০২১ যশোর এবং ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নড়াইলে সেমিনার কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে । উক্ত সেমিনার সমূহে জেলা পর্যায়ের সরকারি ও বেসরকারি উচ্চ পর্যায়ের কর্মকর্তা, বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন ট্রেড বডির সদস্যবৃন্দ, মিডিয়াকর্মী ও স্থানীয় জন প্রতিনিধিসহ ১০০ জন উপস্থিত ছিলেন।<br>সভাপতি এনপিও পরিচালকের কাছে জানতে চান যে, এ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কোন কোন বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে। এ প্রেক্ষিতে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণের লক্ষ্যে সেমিনার, উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা, যার মাধ্যমে মাঠ পর্যায়ে শিল্প ও সেবা প্রতিষ্ঠান এবং উদ্যোক্তাগণ উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক সম্যক ধারণা অর্জন করতে পারবে। এছাড়াও এনপিও'র কর্মরত কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক আধুনিক কলা কৌশল ও টেকনোলোজি জ্ঞান সম্পর্কে ধারনা লাভের জন্য প্রশিক্ষনের আয়োজন করা ।<br>এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, এনপিও'র অন্যতম কাজ হলো দেশের উৎপাদনশীলতা বৃদ্ধিতে মাঠ পর্যায়ে উৎপাদনশীলতা বিষয়ক আলোচনা সভা, সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা আয়োজন করা । এ ধরনের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয়ক কলাকৌশলের ধারনা প্রচার-প্রসার ও আধুনিক টেকনোলোজির জ্ঞান লাভসহ উক্ত কলাকৌশল প্রয়োগের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভব বলে সভাকে জানান। তিনি উক্ত প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণে এসএমই ফাউন্ডেশনের অন্তর্ভূক্ত উদ্যোক্তদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সুপারিশ করেন এবং উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ পরিচালনার জন্য এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ হল ব্যবহারের এনপিও'র পরিচালককে আমন্ত্রণ জানান।<br>**ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর পরিচালক জনাব রাশেদুল করিম মুন্না** "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পটি প্রথম প্রকল্প তাই এ প্রকল্পটি শতভাগ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য এফবিসিসিআই'র মাধ্যমে দেশের সকল ট্রেডবডি শিল্প উদ্যোক্তাদের অংশগ্রহণ নিশ্চিত করার উপর অভিমত ব্যক্ত করেন ।<br>বাংলাদেশ পাটকল কর্পোরেশন চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ পাটকল কর্পোরেশন আওতাধীন প্রতিষ্ঠানসমূহের উৎপাদন প্রক্রিয়া বিগত একবছর ধরে সম্পূর্নরুপে বন্ধ আছে এবং সরকারের সিদ্ধান্ত মোতাবেক বন্ধ প্রতিষ্ঠানসমূহের নিয়োজিত জনবল, যন্ত্রপাতিসহ বেসরকারি খাতে ছেড়ে দেওয়া হবে । এ প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ পরিচালিত স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেইপ)-এর আওতায় ঢাকা, চট্টগ্রাম ও খুলনায় দক্ষ মানব সম্পদ তৈরির জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়। তিনি উক্ত প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণের পরিচালনার সময় বিজিএমসি'রআওতাধীন প্রতিষ্ঠানে কর্মকর্তাদের অন্তর্ভূক্ত করার উপর মতামত ব্যক্ত করেন।<br>**শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিসেস লুৎফুন নাহার বেগম বলেন,** যেহেতু এনপিও এর জনবল এখন বাড়ছে এবং অফিসটা অধিদপ্তর অফিসে রূপান্তর হয়ে যাচ্ছে সেহেতু গতানুগতিক পদ্ধতিতে শুধু মিটিং, সেমিনার এর মধ্যে সীমাবদ্ধ থাকলে হবে না। সরকারের অর্থায়নে বাস্তবায়িত প্রোজেক্টের কাজই হল মাঠ পর্যায়ে এনপিও'র কার্যক্রম পরিচালনা করা। তিনি সভায় উপস্থাপিত প্রস্তাব সমূহে বাস্তবায়নে কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন বলে জানান।<br>সভাপতি "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির গৃহীত যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন সহ উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণে সঠিকভাবে প্রশিক্ষণার্থী বাছাই করে মনোনয়ন দেয়ার পরামর্শ প্রদান করেন। | "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির গৃহীত যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে । | (ক)পরিকল্পনা অনুবিভাগ/প্রশাসন শিল্প মন্ত্রণালয়<br>(খ)পরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ | সভায় জানানো হয় যে, এনপিও এবং এপিও'র যৌথ উদ্যোগে টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস এর আওতায় ২০২১ সালের এপিও'র প্রজেক্ট নোটিফিকেশন অনুযায়ী এনপিও হতে বিভিন্ন প্রতিষ্ঠানে Technical Expert Service (TES) সেবা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এনপিও'র পত্রের প্রেক্ষিতে ০৩টি প্রতিষ্ঠান হতে TES সেবা গ্রহণের প্রস্তাব পাওয়া গেছে।<br>সভাপতি এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর সহায়তায় প্রতিষ্ঠান পর্যায়ের স্বল্প ব্যয়ে TES সেবা গ্রহণ এবং আধুনিক কলাকৌশল লব্ধ জ্ঞানের ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে শিল্প ও সেবা প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। | ০৩টি প্রতিষ্ঠানে Technical Expert Service (TES) সেবা প্রদানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক, এনপিও |
| ৬ | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর | সভায় জানানো হয় যে, উৎপাদনশীলতা আন্দোলনকে জোরদার করার জন্য উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তদানুযায়ী নতুন প্রতিষ্ঠানসমুহের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য আলোচনা চলমান রয়েছে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, উৎপাদনশীলতা উন্নয়নকে বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক স্বাক্ষরিত সমঝোতা স্মারকসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য ০৬ (ছয়) জন উর্ধ্বতন গবেষণা কর্মকর্তাকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করার দায়িত্ব প্রদান করা হয়েছে। তদানুযায়ী সমঝোতা স্মারক স্বাক্ষরিত ০৮টি ট্রেডবডির সাথে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে পরিচালক, এনপিও জানান।<br><br>বাংলাদেশ চেম্বার অব কমার্স ইন্ডাষ্ট্রি পরিচালক জানান যে, এনপিও কর্তৃক স্বাক্ষরিত সমঝোতা স্বারকের অনুচ্ছেদ অনুযায়ী বিসিআই আওতাধীন শিল্প ও সেবা প্রতিষ্ঠানসমূহে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। কিন্তু কোভিড-১৯ এর দ্বিতীয় স্টেজ এর কারণে উক্ত কর্মকান্ড বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। তিনি আশা করেন যে, পরিস্থিতি স্বাভাবিক হলে এনপিও'র সমঝোতা স্মারক অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি এনপিও'র কার্যক্রম প্রচার প্রসার ও কার্যকরী করার লক্ষ্যে এ যাবৎ যতগুলো MoU স্বাক্ষর হয়েছে তা ফলোআপ করার উপর গুরুত্বারোপ করেন। | (ক)উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>(খ) এনপিও কর্তৃক এ যাবৎ স্বাক্ষরিত সমঝোতা স্বাক্ষরসমূহের কর্মকান্ড যথাযথ বাস্তবায়নের করতে হবে। | পরিচালক, এনপিও |
| ৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | সভায় জানানো হয় যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ (এনসিটিবি) এর সদস্য প্রফেসর মশিউজ্জামান সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করা হয়েছে। এনসিটিবি শিক্ষা কারিকুলামে নতুন বিষয় অন্তর্ভুক্তির জন্য একটি গ্রহণযোগ্য প্রক্রিয়া অনুসরণ করে। বর্তমানে প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়নের কাজ চলমান রয়েছে। যা ২০২২ সাল থেকে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। তিনি এক্ষেত্রে উৎপাদনশীলতা বিষয়টি প্রাধান্য পাবে যা একটি ক্রসকাটিং ইস্যু হিসেবে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণীর জীবন ও জীবিকা শিখনক্ষেত্রে আওতাভুক্ত হবে মর্মে সভাকে জানান।<br><br>সভায় এনপিও'র প্রস্তুতকৃত উৎপাদনশীলতা বিষয়ক Contentটি কারিগরি শিক্ষা কারিকুলামে অগ্রাধিকার ভিত্তিতে সহজে অন্তর্ভুক্তির জন্য সচিব এবং চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলাম পর্যায়ের একটি আলোচনা সভা করার ব্যবস্থা গ্রহণের জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন। | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামের ২০২২ শিক্ষাবর্ষে উৎপাদনশীলতা বিষয়ক Contentটি অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) উৎপাদনশীলতা বিষয়ক Contentটি অন্তর্ভুক্তির জন্য সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং চেয়ারম্যান,এনসিটিবি এর সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br><br>(খ) পরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০ (দশ) বছর মেয়াদী **National Productivity Master Plan 2021-2030** প্রণয়ন | Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়ন সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন। (ক) গত ০৩/০৩/২০২১ তারিখে Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বিষয়ে শুধু শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রেরিত Action Plan গুলো পর্যালোচনা সভা করা হয়েছে । তদানুযায়ী দপ্তর/সংস্থার কর্তৃক প্রণীত Action Plan গুলোর চূড়ান্ত মতামত প্রদানের জন্য খসড়া Action Planটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসহ অন্যান্য প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। এছাড়াও খসড়া Action Plan এর উপর মতামত দেয়ার জন্য Action Plan এপিও, জাপান এ প্রেরণ করা হয়েছে। (খ) Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত Action Plan টি চূড়ান্ত করার পর মন্ত্রিপরিষদ বিভাগের মতামত সংগ্রহ করা হবে । (গ) এপিও কর্তৃক শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থারসহ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণাঙ্গ Action Planটি চূড়ান্ত করার পর মন্ত্রিপরিষদ বিভাগে ও গুরুত্বপূর্ণ বিভিন্ন মন্ত্রণালয় এবং সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের উপস্থিতিতে আন্তঃ মন্ত্রণালয় সভা আয়োজন করা হবে।<br>(ঘ) Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 টি সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। তদানুযায়ি সরকারের মিশন ও ভিশন বাস্তবায়নে যুগোপযোগী পরিকল্পনা প্রণয়নের সাথে সমন্বয় করার লক্ষ্যে এপিও,জাপান হতে বিশেষজ্ঞ (Expert & Consultant) এর মতামত ও পরামর্শ সেবা গ্রহণের উদ্যোগ করা হয়েছে।<br><br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিসেস লুৎফুন নাহার বেগম জানান, Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 যথযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে খসড়া Action Plan টি শিল্প মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও বিভিন্ন মন্ত্রণালয়ে পুনরায় মতামত প্রদানের জন্য প্রেরণ করা হয়েছে। তিনি সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও বিভিন্ন মন্ত্রণালয় হতে মতামত পাওয়ার পর মাননীয় শিল্প মন্ত্রীর উপস্থিতিতে একটি আন্ত: মন্ত্রণালয় সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন ।<br>সভাপতি, Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত খসড়া Action Plan উপর মতামত সংগ্রহের পর একটি আন্ত: মন্ত্রণালয় সভা আহবান করার উপর গুরুত্বারোপ করেন । | ক) Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য গঠিত কমিটি খসড়া Action Plan টি চূড়ান্ত করতে হবে।<br><br>(খ)Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত খসড়া Action Plan উপর মতামত সংগ্রহের পর একটি আন্ত: মন্ত্রণালয় সভা আহবান করতে হবে । | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ)পরিচালক এনপিও |

হলবেগম

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদান করা | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ বাস্তবায়ন সংক্রান্ত নিম্নলিখিত বিষয়সমূহের কার্যক্রম গ্রহণ করা হয় মর্মে এনপিও'র পরিচালক সভাকে জানান । (ক) এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক অ্যাওয়ার্ড ২০১৯ প্রদানের লক্ষ্যে প্রজ্ঞাপন প্রকাশ করে গত ১৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও, ঢাকায় ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ডের সনদপত্র ও ট্রফি বিতরণ করা হয়েছে । (খ) এনপিও'র কার্যক্রম দেশব্যাপী প্রচার, প্রসার এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২০ বিষয়ক ০৮টি বিভাগের কর্মশালা আয়োজন উদ্যোগ করা হয়েছিল । গত ১৫ মার্চ,২০২১তারিখে বরিশাল বিভাগে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ বিষয়ক ০১টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের বিদ্যমান পরিস্থিতির কারণে অবশিষ্ঠ কর্মশালা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর এ ব্যাপারে কার্যক্রম গ্রহণ করা হবে। (গ) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ এর আবেদন ফরম বিতরণের জন্য গত ১৮/০২/২০২১ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। অ্যাওয়ার্ড ২০২০ এর আবেদন ফরম বিতরণ ও জমা প্রদানের শেষ তারিখ আগামী ২৯ এপ্রিল, ২০২১। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের বিদ্যমান পরিস্থিতির কারণে অ্যাওয়ার্ড ২০২০ আবেদন ফরম বিতরণ ও জমা প্রদানের সময় আগামী ৩১মে,২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এনপিও কর্তৃক নির্ধারিত অ্যাওয়ার্ড ২০২০ এর আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহের জন্য প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদানের জন্য বিভাগ পর্যায়ে কর্মশালা আয়োজন করা সহ অন্যান্য কার্যক্রম যথাসময়ে সমাপ্ত করার জন্য পরামর্শ প্রদান করেন । | ক) এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদানের জন্য বিভাগ পর্যায়ে কর্মশালা আয়োজন করা সহ অন্যান্য কার্যক্রম যথাসময়ে সমাপ্ত করতে হবে । | পরিচালক, এনপিও |
| ১০ | এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ | ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তায় (এনপিও বার্তা) প্রকাশ সংক্রান্ত নিম্নলিখিত বিষয়সমূহের কার্যক্রম গ্রহণ করা হয় মর্মে এনপিও'র পরিচালক সভাকে জানান । (ক)সমাজের গুণিজন, বিশিষ্ট শিক্ষাবিদ, উৎপাদনশীলতার বিষয়ের সাথে সম্পর্কিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, পেশাজীবি ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণের নিকট হতে লেখা আহবান করা হয়েছে। এনপিও বার্তা'র ৭ম সংখ্যা মুদ্রণের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে । এনপিও বার্তা'র ৮ম সংখ্যা মুদ্রণের যাবতীয় কার্যক্রম শেষ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। (খ) এনপিও বার্তায় মান সম্পন্ন লেখা বা প্রবন্ধ প্রদানকারীদের সরকারি বিধি মোতাবেক সম্মানী প্রদানের ব্যবস্থা করা হয়েছে।<br>সভাপতি এনপিও'র পরিচালকের নিকট জানতে চান যে, ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তায় (এনপিও বার্তা) কোন সংখ্যা প্রকাশের ক্ষেত্রে লেখার মান যাচাই করার জন্য মন্ত্রণালয় কর্তৃক গঠনকৃত কোন কমিটি না থাকলে কমিটি গঠন করার পরামর্শ প্রদান করেন । তিনি এব্যাপারে অতিরিক্ত সচিব (প্রশাসন) ও বিশ্ববিদ্যালয়ের একজন প্রফেসরকে অন্তর্ভূক্ত করে একটি কমিটি গঠন করা হলে এনপিও বার্তার মান উন্নত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন । | ক) ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তায় (এনপিও বার্তা) সমাজের গুণিজন, বিশিষ্ট শিক্ষাবিদ, উৎপাদনশীলতার বিষয়ের সাথে সম্পর্কিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, পেশাজীবি ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণের নিকট হতে লেখা আহবান করতে হবে।<br>খ) এনপিও বার্তায় মান উন্নয়নে মন্ত্রণালয় কর্তৃক একটি কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | পরিচালক, এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র গবেষণা বিষয়ক তথ্যাদি | সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন ।<br>**ক) এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা** "Effectiveness of Productivity Improvement Training Program of NPO" শীর্ষক গবেষণা শীর্ষক গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য শিল্প মন্ত্রণালয় একটি কমিটি গঠন করছে। কিন্তু বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে মূল্যায়ন কমিটির সভা করা সম্ভবপর হয়নি। খুব শীঘ্রই সভা করে চূড়ান্ত রিপোর্ট প্রস্তুত করা হবে।<br>**খ) চামড়া শিল্পের উপর গবেষণা** "Bangladesh Leather Sector- Condition, Challenges and strategies" শীর্ষক গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় কর্তৃক গঠিত মূল্যায়ন কমিটির মূল্যায়ন ও সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে উক্ত গবেষণার উপর একটি সেমিনার আয়োজন করা হবে।<br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর গৃহীত ২টি গবেষণার চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন করা সহ নতুন গবেষণা কার্যক্রম গ্রহণ করার পরামর্শ প্রদান করেন । | এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা এবং চামড়া শিল্পের উপর গবেষণার চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেত হবে । | পরিচালক, এনপিও |
| ১২ | বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানে **Material Flow Cost Accounting (MFCA)** বাস্তবায়ন | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর তত্ত্বাবধানে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের Material Flow Cost Accounting (MFCA) বাস্তবায়নের তথ্যাদির বিষয়ে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন ।<br>১ম ধাপঃ গত ২৬ জানুয়ারি, ২০২০ হতে ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাস্তবায়ন করা হয়।<br>২য় ধাপঃ কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমন ঝুঁকির কারনে গত ১৩-২৪ সেপ্টেম্বর,২০২০ ইং সংশ্লিষ্ট বিশেষজ্ঞের মাধ্যমে ২য় ধাপ অনলাইনে সম্পন্ন হয়েছে।<br>**৩য় ধাপঃ** বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ৩টি প্রতিষ্ঠান (রাজশাহী সুগার মিলস লিঃ, নাটোর সুগার মিলস লিঃ ও নর্থ বেঙ্গাল সুগার মিল) এ অনলাইন সভা প্লাটফরমে **MFCA** ৩য় ধাপ বাস্তবায়ন অব্যাহত আছে । আলোচ্য কর্মসূচির বাকী ধাপসমূহ পর্যায়ক্রমে সম্পন্ন হবে মর্মে তিনি সভাকে জানান ।<br>সভাপতি এনপিও'র পরিচালকের নিকট জানতে চান যে, **MFCA** বিষয়টি প্রতিষ্ঠান পর্যায়ে সহজে কিভাবে বাস্তবায়ন করা যায় । এ প্রেক্ষিতে পরিচালক, এনপিও ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মুহাম্মদ আরিফুজ্জামানকে এ বিষয়ে ধারণা প্রদানের জন্য বলেন । ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মুহাম্মদ আরিফুজ্জামান বলেন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ৩টি প্রতিষ্ঠান (রাজশাহী সুগার মিলস লিঃ, নাটোর সুগার মিলস লিঃ ও নর্থ বেঙ্গাল সুগার মিল) এ **MFCA** বাস্তবায়নের লক্ষ্যে এপিও কর্তৃক **Mr. Wichai Chattinnawat** কে নিয়োগ করা হয়েছিল। তিনি তিনটি ধাপে **MFCA** বাস্তবায়নে ধারণা প্রদান করেন । তিনি **BSFIC** এর আওতাধীন ৩টি মিলে পণ্য উৎপাদন সংশ্লিষ্ট Material Cost, System Cost, Energy Cost ও Wastage Cost **কিভাবে** পরিমাপ করা হচ্ছে **তা সভাকে অবহিত করেন ।**<br>বিএসইসি'র **চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে,** বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের **কর্মকর্তাদের** MFCA বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে । এছাড়াও **MFCA** বাস্তবায়নের জন্য একটি ডাটাসীট তৈরি করা হয়েছে যা বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের পণ্য উৎপাদন সংশ্লিষ্ট Material Cost, System Cost, Energy Cost, Wastage Cost পরিমাপ করা**র ক্ষেত্রে সুবিধা হবে মর্মে জানান ।**<br>সভাপতি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর আওতাধীন উল্লেখিত ০৩টি প্রতিষ্ঠানের পাশাপাশি অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের এ ব্যাপারে জ্ঞান অর্জন করার উপর গুরুত্বারোপ করেন । কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তীতে এপিও'র সাথে যোগাযোগ করে বিএসইসি'র আওতাধীন শিল্প প্রতিষ্ঠানে MFCA ধাপসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | (ক) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন উক্ত ৩টি প্রতিষ্ঠানে MFCA পরবর্তী ধাপসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ করতে হবে। | (ক) পরিচালক এনপিও<br>(খ) চেয়ারম্যান বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন<br>(গ) চেয়ারম্যান বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিবিএস হতে প্রয়োজনীয় তথ্যসম্বলিত Labor force survey প্রকাশের কার্যক্রম দ্রুততার সহিত সম্পন্ন করার অনুরোধ জানিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনপিও হতে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বিবিএসকে পত্র প্রেরণ করা হয় । উক্ত পত্রের প্রেক্ষিতে বিবিএস এ বিষয়ে যথাযথ প্রকল্প গ্রহণ করেছে বলে শিল্প মন্ত্রণালয় ও এনপিওকে লিখিতভাবে জানিয়েছেন মর্মে তিনি সভাকে জানান।<br>সভাপতি, এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর সাথে যোগাযোগ অব্যাহত রাখার উপর পরামর্শ প্রদান করেন । | এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বিবিএস এর সাথে যোগাযোগ রাখতে হবে। | পরিচালক, এনপিও |
| ১৪ | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক সেমিনার, কর্মশালা/ আলোচনা সভা আয়োজন | উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্রটি বাংলাদেশ টেলিভিশন (বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড) এ নিয়মিত অনুষ্ঠানের পাশাপাশি সম্প্রচারের জন্য মহা-পরিচালক, বিটিভি কে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে এবং এ বিষয়ে বিটিভি'র সাথে যোগাযোগ অব্যাহত আছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে জানান ।<br>সভাপতি উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্রটি বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডে সম্প্রচারের জন্য মহাপরিচালক, বিটিভি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | এনপিও কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্রটি বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডে সম্প্রচারের জন্য মহাপরিচালক, বিটিভি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখার করতে হবে। | পরিচালক, এনপিও |
| ১৫ | কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরবর্তী পরিস্থিতিতে এনপিও'র কার্যক্রম গতিশীল করা | **কোভিড-১৯ (করোনা) ভাইরাস পরিস্থিতিতে এনপিও'র কার্যক্রম যেমন- প্রশিক্ষণ, কর্মশালা, আলোচনা সভাসহ যাবতীয় কর্মকান্ডে যে ক্ষতি হয়েছে তার গতিশীলতা আনয়নের লক্ষ্যে** অনলাইন প্লাটফরম Zoom (ভার্চুয়াল) এর মাধ্যমে **প্রশিক্ষণ, কর্মশালা ও আলোচনা সভা** ইত্যাদি কার্যক্রম অব্যাহত আছে । এ ছাড়াও এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক কর্মসূচিতে ভার্চুয়ালে অংশগ্রহণ করা হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন ।<br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে বলেন যে, এনপিও এবং বিআইএম এর যৌথ উদ্যোগে কোভিড-১৯ **(করোনা) ভাইরাস** পরবর্তী কোন কোন সেক্টরে কি কি ক্ষতি এবং সুযোগ সৃষ্টি হয়েছে সে বিষয়ে আলোকপাত করে গবেষণা কার্যক্রম গ্রহণ করা যেতে পারে ।<br>সভাপতি বলেন, এনপিও যেহেতু গবেষণা ধর্মী প্রতিষ্ঠান তাই শুধুমাত্র অনলাইন প্লাটফরম Zoom এর মাধ্যমে ট্রেনিং, কর্মশালা, আলোচনা সভা আয়োজন করলে হবে না । তিনি কোভিড-১৯ করোনা ভাইরাস পরবর্তী ক্ষতি ও সুযোগ পর্যালোচনা করে পরামর্শ প্রদানের জন্য রিসার্সধর্মী কার্যক্রম গ্রহণ করার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন । এ ছাড়াও এনপিও এবং বিআইএম এর যৌথ উদ্যোগে কোভিড-১৯ **(করোনা) ভাইরাস** পরবর্তী ক্ষতি এবং সুযোগ সৃষ্টির উপর গবেষণা কার্যক্রম গ্রহণের জন্য অভিমত ব্যক্ত করেন । | এনপিও এবং বিআইএম এর যৌথ উদ্যোগে কোভিড-১৯ **(করোনা) ভাইরাস** পরবর্তী ক্ষতি এবং সুযোগ সৃষ্টির উপর গবেষণা কার্যক্রম গ্রহণ করতে হবে । | (ক) মহাপরিচালক বিআইএম<br>(খ) এনপিও পরিচালক |
| ১৬ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ সংশোধন | এনপিও'র পরিচালক জানান, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড সংক্রান্ত বর্তমান নীতিমালাটি সংশোধন করার লক্ষ্যে জুরি বোর্ড ও মূল্যায়ন কমিটির সদস্যদের ০৬টি মতামত পাওয়া গেছে । বিদ্যমান নীতিমালা সংশোধন করতে কি কি বিষয় অন্তর্ভূক্ত করা যায় এ ব্যাপারে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে তিনি সভাকে জানান ।<br>নাসিবের সভাপতি জনাব মির্জা নুরুল গণি শোভন, সিআইপি বলেন, প্রোডাকটিভিটি শুধু সরকারী প্রতিষ্ঠানই নয়, বেসরকারী প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড বিতরণ খুব গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে । তিনি এ সভার মাধ্যমে অ্যাওয়ার্ডের তথাকথিত সুযোগ-সুবিধার পাশাপাশি সিআইপি'র আদলে অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করার জন্য মন্ত্রী পরিষদের অনুমোদন নেওয়ার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন ।<br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ এর পরিবর্তন ও পরিমার্জন করে চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করেন । | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ এর পরিবর্তন ও পরিমার্জনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | এনপিও, পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল | এনপিও'র পরিচালক জানান,এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত সেমিনার, কর্মশালা, আলোচনা সভা ও প্রশিক্ষনের অংশগ্রহণকারী রিসোর্স পারসনদের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের জন্য এনপিও কর্তৃক ০৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।<br>সভাপতি এনপিও'র পরিচালক এর নিকট জানতে চান, এনপিওতে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল সংক্রান্ত কোন কার্যক্রম পূর্ব থেকে অব্যহত আছে কি না । এ প্রেক্ষিতে পরিচালক জানান যে, উক্ত কার্যক্রমটি ইতোপূর্ব এনপিওতে ছিল না । বর্তমান সময়ে বিষয়টি এনপিও'র কার্যক্রমে অন্তর্ভূক্ত করার জন্য উদ্যোগ গ্রহণ করা হচ্ছে ।<br><br>সভাপতি এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত সেমিনার, কর্মশালা, আলোচনা সভা ও প্রশিক্ষণের অংশগ্রহণকারী রিসোর্স পারসনদের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠন করার উদ্যোগ নেওয়ার জন্য সন্তোষ প্রকাশ করেন । এছাড়াও আগ্রহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমন্ডলী, বিভিন্ন কনসালটেন্সি সেবা প্রদানকারী কর্মকর্তা, গুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের কর্মকর্তা এনপিও'র অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুলে অন্তর্ভুক্ত করার জন্য এনপিও কর্তৃক গঠিত কমিটিকে পরামর্শ প্রদান করেন । | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক, এনপিও |
| ১৮ | এনপিসি এবং এনপিইসি সদস্যদের সম্মানি প্রদান | এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, **এনপিও'র** ২০২০-২০২১ অর্থবছরে সম্মানি কোডে বাজেট স্বল্পতার কারনে কার্যক্রম গ্রহন সম্ভব হয় নাই । তবে আগামী ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) সদস্য এবং এনপিইসি সদস্যদের সম্মানি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) সকল সদস্য এবং এনপিইসি সকল সদস্যদের সম্মানি প্রদানের কার্যক্রম গ্রহণ করায় সন্তোষ প্রকাশ করেন । | জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) সকল সদস্য এবং এনপিইসি সকল সদস্যদের সম্মানি প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে । | পরিচালক, এনপিও |
| ১৯ | **উৎপাদনশীলতা বিষয়ক আইন** | উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান এবং উৎপাদনশীলতা উন্নয়নকে টেকসই করার জন্য উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া প্রনয়ণ করার লক্ষ্যে এনপিও কর্তৃক ০৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন ।<br>**সভাপতি বলেন,** শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) জাতীয়ভাবে উৎপাদনশীলতা বৃদ্ধি করা এবং দক্ষ মানব সম্পদ তৈরি করার ক্ষেত্রে আবদান রেখে আসছে বিধায় বিদ্যমান সময়ে **উৎপাদনশীলতা বিষয়ক আইন করার পদক্ষেপটি সময়োপযোগী । তিনি** এনপিও কর্তৃক খসড়া **উৎপাদনশীলতা বিষয়ক আইন প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের পরামর্শ প্রদান করেন।** | **এনপিও কর্তৃক খসড়া** উৎপাদনশীলতা বিষয়ক আইন প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে । | পরিচালক, এনপিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত,
(কে এম আলী আজম)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)